# Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 03 July, 2025

ইসরাইলের পিআর পদ্ধতি বাংলাদেশের আলেম, উলামা আদর্শ হলো, সেটা আমার বুঝে আসে না বলে মন্তব্য করেছেন বিএনপির যুগ্ম মহাসচিব সৈয়দ এমরান সালেহ প্রিন্স।

ভোটের সংখ্যানুপতের ভিত্তিতে সংসদ সদস্য নির্বাচনের কোনও কোনও মহলের দাবীর কথা উল্লেখ করে বলেন, জনগণ সংখ্যানুপতের ভিত্তিতে নয়, জনগণ সরাসরি প্রার্থী, মার্কা, দল দেখে ভোট দিতে চায়।অপ্রাসঙ্গিক, অযৌক্তিক দাবী করে রাজনৈতিক অঙ্গনে অস্থিরতা ,জটিলতা সৃষ্টি না করে জাতীয় ঐক্য বজায় রেখে গণতন্ত্রের লক্ষ্যে নির্বাচনের পথে হাঁটার জন্য সকলের প্রতি আহবান জানান।

বৃহস্পতিবার (৩ জুলাই) বিকালে ময়মনমসিংহ নগরীর নতুন বাজারে হরি কিশোর রায় সড়কে বিএনপি কার্যালয়ে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচীর উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।এমরান সালেহ প্রিন্স বলেন, তবে ঐক্যের নামে এমন কিছু বিএনপি করতে পরে না, যা এদেশের গণমানুষের রাজনৈতিক ও গণতান্ত্রিক সংস্কৃতি ও রীতি-নীতির পরিপন্থি।

তিনি বলেন, আওয়ামী ফ্যসিবাদ বিরোধী ১৫ বছরের গণতন্ত্রের লড়াই ও ২৪'র গণঅভ্যুত্থানের শহীদ ও পঙ্গুত্ববরণকারীরা আমাদের জাতীয় বীর।তাদেরকে যথাযথ স্বীকৃতি ও সন্মান দেয়া রাষ্ট্র ও জনগণের দায়ীত্ব।জনগণের রায় নিয়ে বিএনপি রাষ্ট্র পরিচালনার দায়ীত্ব পেলে গণঅভ্যুত্থানের শহীদ ও পঙ্গুত্ববরণকারীসহ বিগত ১৫ বছরের গুম খুনের শিকার ব্যক্তিরা প্রাপ্য মর্যাদা পাবেন।

তিনি নেতাকর্মীদের উদ্দেশ্য করে বলেন, দেশনেত্রী বেগম খালেদা জিয়া, তারেক রহমান ২৪'র গণ অভ্যুত্থানের আকাংখা বুকে ধারণ করেন। সেই আকাংখা নেতাকর্মীদেরকেও বুকে ধারণ করে পরিবর্তনের মানসিকতা নিয়ে রাজনীতি করতে হবে।জনগণ কষ্ট পায় বা পছন্দ করে না, এমন কাজ থেকে সকলকে বিরত থাকতে হবে।কী পেলাম তা চিন্তা না করে দেশ ও জনগণকে কী দিলাম বা দিতে পারছি, তা বিবেচনা করে রাজনীতি করতে হবে।

তিনি বলেন, গণঅভ্যুত্থানের সময় অনেক গুলিবিদ্ধ ও আহত ব্যক্তিরা হাসপাতালে রক্ত ও সুচিকিৎসার অভাবে মারা গেছেন।আওয়ামী চিকিৎসকদের অমানবিক আচরণে সরকারী হাসপাতালে আহতরা বিপর্যস্ত হয়েছে।অমরা অমানবিক নয়, সেজন্য প্রতিহিংসা নয় মানবিকতা দিয়ে তাদের দিকে তাকাব।তবে তাদেরকেও সংশোধন হতে হবে।

জেলা ড্যাবের সভাপতি ডা. বদরউদ্দিন সেলিমের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক ডা. সায়েম মনোয়ারের সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় ময়মনসিংহ মহানগর বিএনপির আহবায়ক অধ্যাপক শফিকুল ইসলাম, দক্ষিণ জেলা বিএনপির আহবায়ক জাকির হোসেন বাবলু, উত্তর  জেলা বিএনপির যুগ্ম আহবায়ক মোতাহার হোসেন তালুকদার, দক্ষিণ জেলা বিএনপির সদস্য সচিব রোকনুজ্জামান সরকার, জেলা বিএমএর সাবেক সভাপতি অধ্যাপক মুসা শাহিন বক্তব্য রাখেন।

বিএনপি এমরান সালেহ প্রিন্স নির্বাচন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 21:39

URL: https://timestodaybd.com/public/mymensingh/2252764152